

কেন্দ্র পরিবর্তনের প্রতিবাদ রংপুরে ১৭৬ জন এলএলবি পরীক্ষার্থীর পরীক্ষা বর্জন

রংপুর থেকে জেলা বার্তা পরিবেশকঃ এতে পরিদর্শকরা বিক্ষুব্ধ হয়ে পূর্ব ঘোষণা পূর্ব ঘোষণা না দিয়ে আকস্মিক পরীক্ষা কেন্দ্র পরিবর্তন করার প্রতিবাদে গত ৩০শে নভেম্বর রংপুরসহ ৩টি জেলার ১৭৬ জন ছাত্র-ছাত্রীদের সবাই এলএলবি ফাইনাল পরীক্ষা বর্জন এবং রংপুর আইন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ আবু মোহাম্মদ মোজাম্মেল হকের অপসারণ দাবি করে।

পরীক্ষার্থীরা অভিযোগ করেছেন রংপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধা জেলার আইন মহাবিদ্যালয়ের ১৭৬ জন ছাত্র-ছাত্রী রংপুর সরকারি কলেজ কেন্দ্রে পরীক্ষা দিচ্ছিলেন। প্রতি শুক্রবার পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছিল। ইতোমধ্যে তিনটি পরীক্ষা শেষ হয়। কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয়ের একটি পরিদর্শক দল এসে ছাত্র-ছাত্রীদের সাথে দুর্ব্যবহার করলে তার প্রতিবাদ করেন ছাত্র-ছাত্রীরা।

এতে পরিদর্শকরা বিক্ষুব্ধ হয়ে পূর্ব ঘোষণা ছাড়াই পরীক্ষা কেন্দ্র পরিবর্তন করে কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজে পরীক্ষা কেন্দ্রে তাদের পরীক্ষা দেয়ার ব্যবস্থা করেন। গত ২৩শে নভেম্বর রংপুরসহ বিভিন্ন জেলার ছাত্রছাত্রীরা রংপুর কলেজ পরীক্ষা কেন্দ্রে গিয়ে জানতে পারেন, তাদের কেন্দ্র পরিবর্তন করা হয়েছে। ৫ মাইল দূরে কারমাইকেল কলেজ কেন্দ্রে যেতে অর্ধেক সময় চলে যায়। ফলে সকল ছাত্রছাত্রী পরীক্ষা বর্জন করেন। গত ৩০শে নভেম্বর শুক্রবার ছিল ৫ম পত্র আন্তর্জাতিক আইন পরীক্ষা। ছাত্রছাত্রীরা চতুর্থ পত্রের পরীক্ষা পুনরায় নেয়ার দাবিতে পরীক্ষা বর্জন করেন।